**তফসিল-২**

**প্রথম অংশ**

**(ধারা ৮ দ্রষ্টব্য)**

**১ জুলাই, ২০২৩ তারিখে আরব্ধ করবর্ষের জন্য আয়করের হার**

**অনুচ্ছেদ-ক**

Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (46) এ সংজ্ঞায়িত ব্যক্তিগণের (person) মধ্যে অনিবাসী বাংলাদেশিসহ সকল স্বাভাবিক ব্যক্তি (individual), হিন্দু অবিভক্ত পরিবার ও অংশীদারি ফার্মের ক্ষেত্রে মোট আয়ের উপর আয়করের হার নিম্নরূপ হইবে, যথা:-

| মোট আয় | হার |
|---|---|
| (ক) প্রথম ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | শূন্য |
| (খ) পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ৫% |
| (গ) পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% |
| (ঘ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% |
| (ঙ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর-- | ২০% |
| (চ) অবশিষ্ট মোট আয়ের উপর -- | ২৫% |

:

তবে শর্ত থাকে যে,-

(ক) মহিলা করদাতা এবং ৬৫ (পয়ষট্টি) বৎসর বা তদূর্ধ্ব বয়সের করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,০০,০০০/- টাকা;

(খ) তৃতীয় লিঙ্গের করদাতা এবং প্রতিবন্ধী স্বাভাবিক ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৪,৭৫,০০০/- টাকা;

(গ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হইবে ৫,০০,০০০/- টাকা;

(ঘ) কোনো প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকা অধিক হইবে,

তবে প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হইলে যেকোনো একজন এই সুবিধা ভোগ করিবেন;

(ঙ) মোট আয় করমুক্ত আয়ের সীমা অতিক্রম করিলে ন্যূনতম করের পরিমাণ কোনোভাবেই নিম্নরূপে বর্ণিত হারের কম হইবে না, যথা:-

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার (টাকা) |
|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/- |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/- |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/- |

(চ) কোনো করদাতা যদি স্বল্প উন্নত এলাকা (less developed area) বা সবচেয়ে কম উন্নত এলাকায় (least developed area) অবস্থিত কোনো ক্ষুদ্র বা কুটির শিল্পের মালিক হন এবং উক্ত কুটির শিল্পের দ্রব্যাদি উৎপাদনে নিয়োজিত থাকেন, তাহা হইলে তিনি উক্ত ক্ষুদ্র বা কুটির শিল্প হইতে উদ্ভূত আয়ের উপর নিম্নবর্ণিত হারে আয়কর রেয়াত লাভ করিবেন, যথা:-

| ক্র.ম | বিবরণ | রেয়াতের হার |
|---|---|---|
| (অ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ১৫% এর অধিক, কিন্তু ২৫% এর অধিক নহে | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ৫%; |
| (আ) | যেক্ষেত্রে সংশ্লিষ্ট বৎসরের উৎপাদনের পরিমাণ পূর্ববর্তী বৎসরের উৎপাদনের পরিমাণের তুলনায় ২৫% এর অধিক হয় | সেইক্ষেত্রে উক্ত আয়ের উপর প্রদেয় আয়করের ১০% |

;

(জ) বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ সকল করদাতার জন্য এই অনুচ্ছেদ প্রযোজ্য হইবে না;

(ঝ) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 75 অনুযায়ী রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ করদাতার মোট আয় করমুক্ত সীমা অতিক্রম না করিলে আয়ের পরিমাণ নির্বিশেষে ন্যূনতম করের পরিমাণ ২,০০০ (দুই হাজার) টাকা হইবে;

**ব্যাখ্যা।**- এই অনুচ্ছেদে-

(১) **"প্রতিবন্ধী ব্যক্তি (person with disability)"** অর্থ প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩ (২০১৩ সনের ৩৯ নং আইন) এর ধারা ৩১ মোতাবেক প্রতিবন্ধী হিসাবে নিবন্ধিত ব্যক্তি; এবং

(২) **"সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area)"** বা **"স্বল্প উন্নত এলাকা (less developed area)"** অর্থ Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 45 এর sub-section (2A) এর clauses (b) এবং (c) এর বিধান অনুসারে বোর্ড কর্তৃক নির্দিষ্টকৃত সবচেয়ে কম উন্নত এলাকা (least developed area) বা স্বল্প উন্নত এলাকা (less developed area)।

## অনুচ্ছেদ-খ

কোম্পানি, ব্যক্তিসংঘ, ট্রাস্ট, তহবিল এবং অন্যান্য আইনগত সত্তা যাহাদের ক্ষেত্রে অনুচ্ছেদ-ক প্রযোজ্য হইবে না সেই সকল প্রত্যেক করদাতা, যাহাদের ক্ষেত্রে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) অনুযায়ী আয়কর আরোপিত হয়-

(১) যে কোম্পানির রেজিস্ট্রিকৃত অফিস বাংলাদেশে অবস্থিত সেই কোম্পানি হইতে লব্ধ ডিভিডেন্ড আয় ব্যতিরেকে অন্য সর্ব প্রকার আয়ের উপর-

(ক) দফা (খ), (গ), (ঘ) এবং (ঙ)-তে বর্ণিত কোম্পানিসমূহের ক্ষেত্র ব্যতীত-

| | |
|---|---|
| (অ) এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% এর অধিক শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- | উক্ত আয়ের ২০% :<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২২.৫% হইবে; |

| | | |
|---|---|---|
| (আ) | এইরূপ প্রত্যেকটি publicly traded company কোম্পানির যাহাদের পরিশোধিত মূলধনের ১০% বা ১০% এর কম শেয়ার IPO (Initial Public Offering) এর মাধ্যমে হস্তান্তরিত হইয়াছে তাহাদের ক্ষেত্রে- | উক্ত আয়ের ২২.৫% :<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২৫% হইবে; |
| (ই) | এক ব্যক্তি কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ২২.৫%:<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ২৫% হইবে; |
| (ঈ) | এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে, এবং Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 2 এর clause (20) এর আওতাধীন অন্যান্য কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ২৭.৫%:<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে; |

| | |
|---|---|
| (খ) ব্যাংক, বীমা প্রতিষ্ঠান ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ (মার্চেন্ট ব্যাংক ব্যতীত): | |
| (অ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company- | উক্ত আয়ের ৩৭.৫%; |
| (আ) এইরূপ প্রত্যেকটি কোম্পানির ক্ষেত্রে যাহা publicly traded company নহে- | উক্ত আয়ের ৪০%; |
| (গ) মার্চেন্ট ব্যাংক এর ক্ষেত্রে- | উক্ত আয়ের ৩৭.৫%; |
| (ঘ) সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫%; |
| (ঙ) মোবাইল ফোন অপারেটর কোম্পানির ক্ষেত্রে- | উক্ত আয়ের ৪৫%: |
| | তবে শর্ত থাকে যে, মোবাইল ফোন অপারেটর কোম্পানি যদি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ১০% শেয়ার, যাহার মধ্যে Pre Initial Public Offering Placement ৫% এর অধিক থাকিতে পারিবে না, স্টক এক্সচেঞ্জের মাধ্যমে হস্তান্তর করত: publicly traded company-তে রূপান্তরিত হয় সেই ক্ষেত্রে করের হার হইবে ৪০%: |
| | আরও শর্ত থাকে যে, যদি এইরূপ কোম্পানি উহার পরিশোধিত মূলধনের ন্যূনতম ২০% শেয়ার Initial Public Offering (IPO) এর মাধ্যমে হস্তান্তর করে, তাহা হইলে এইরূপ কোম্পানি উক্ত |

| | | |
|---|---|---|
| | | হস্তান্তর সংশ্লিষ্ট বৎসরে প্রযোজ্য আয়করের উপর ১০% হারে আয়কর রেয়াত লাভ করিবে; |
| (২) | কোম্পানি এবং ব্যক্তিসংঘ নহে, বাংলাদেশে অনিবাসী (অনিবাসী বাংলাদেশি ব্যতীত) এইরূপ অন্যান্য সকল করদাতার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৩০%; |
| (৩) | কোম্পানি নহে, সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক এইরূপ করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ৪৫%; |
| (৪) | কোম্পানি নহে, ট্রাস্ট, তহবিল, ব্যক্তিসংঘ এবং অন্যান্য করারোপযোগ্য সত্তার ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ২৭.৫%:<br><br>তবে শর্ত থাকে যে, সকল প্রকার আয় ও প্রাপ্তি এবং প্রত্যেক একক লেনদেনে ৫ (পাঁচ) লক্ষ টাকার অধিক ও বার্ষিক সর্বমোট ৩৬ (ছত্রিশ) লক্ষ টাকার উর্ধ্বে সকল প্রকার ব্যয় ও বিনিয়োগ ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে সম্পন্ন করিতে ব্যর্থ হইলে উপরি-উক্ত করহার উক্ত আয়ের ৩০% হইবে; |
| (৫) | সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির ক্ষেত্রে আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%; |
| (৬) | বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিক্যাল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা কেবল তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজ এর উদ্ভূত আয়ের উপর প্রযোজ্য কর- | উক্ত আয়ের ১৫%। |

**ব্যাখ্যা।-** এই অনুচ্ছেদে "publicly traded company" বলিতে এইরূপ কোনো পাবলিক লিমিটেড কোম্পানিকে বুঝাইবে যাহা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) অনুসারে বাংলাদেশে নিবন্ধিত এবং যে আয় বৎসরের আয়কর নির্ধারণ করা হইবে সেই আয় বৎসর সমাপ্তির পূর্বে উক্ত কোম্পানিটির শেয়ার স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত হইয়াছে।

## দ্বিতীয় অংশ

**(ধারা ৯ দ্রষ্টব্য)**

**সারচার্জের হার**

**অনুচ্ছেদ-ক**

স্বাভাবিক ব্যক্তি করদাতা (assessee being individual) এর ক্ষেত্রে, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের বিবরণী (statement of assets, liabilities and expenses)-তে প্রদর্শিত নিম্নবর্ণিত সম্পদের ভিত্তিতে, এই অনুচ্ছেদের অধীন সারচার্জ পরিগণনার পূর্বে পরিবেশ সারচার্জ ব্যতীত নির্ধারিত প্রদেয় করের উপর নিম্নরূপ হারে সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

| সম্পদ | সারচার্জের হার |
|---|---|
| (ক) নীট পরিসম্পদের মূল্যমান ৪ (চার) কোটি টাকা পর্যন্ত- | শূন্য |
| (খ) নীট পরিসম্পদের মূল্যমান ৪ (চার) কোটি টাকার অধিক কিন্তু ১০ (দশ) কোটি টাকার অধিক নহে;<br>বা, নিজ নামে একাধিক মোটর গাড়ি;<br>বা, মোট ৮,০০০ বর্গফুটের অধিক আয়তনের গৃহ-সম্পত্তি- | ১০% |
| (গ) নীট পরিসম্পদের মূল্যমান ১০ (দশ) কোটি টাকার অধিক কিন্তু ২০ (বিশ) কোটি টাকার অধিক নহে- | ২০% |
| (ঘ) নীট পরিসম্পদের মূল্যমান ২০ (বিশ) কোটি টাকার অধিক কিন্তু ৫০ (পঞ্চাশ) কোটি টাকার অধিক নহে- | ৩০% |
| (ঙ) নীট পরিসম্পদের মূল্যমান পঞ্চাশ কোটি টাকার অধিক- | ৩৫% |

**ব্যাখ্যা।**- এই অনুচ্ছেদে-

(১) **"নীট পরিসম্পদের মূল্যমান"** অর্থ Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 80 অনুযায়ী পরিসম্পদ, দায় ও খরচের

বিবরণী (statement of assets, liabilities and expenses)-তে প্রদর্শনযোগ্য নীট পরিসম্পদের মূল্যমান (total net worth); এবং

(২) **"মোটর গাড়ি"** অর্থে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হইবে।

**অনুচ্ছেদ-খ**

সিগারেট, বিড়ি, জর্দা, গুলসহ সকল প্রকার তামাকজাত পণ্য প্রস্তুতকারক করদাতার উক্ত ব্যবসায় হইতে অর্জিত আয়ের উপর ২.৫% হারে সারচার্জ প্রদেয় হইবে।

## তৃতীয় অংশ

**(ধারা ৯ দ্রষ্টব্য)**

**পরিবেশ সারচার্জের হার**

কোনো করদাতা নামে একাধিক মোটর গাড়ি, অতঃপর গাড়ি বলিয়া উল্লিখিত, থাকিলে তাহার একের অধিক প্রত্যেকটি গাড়ির জন্য নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত হারে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পরিবেশ সারচার্জ প্রদেয় হইবে, যথা:-

**টেবিল**

| ক্রমিক নং | মোটর গাড়ির বর্ণনা | পরিবেশ সারচার্জের হার (টাকায়) |
|---|---|---|
| ১। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াট পর্যন্ত প্রতিটি মোটর গাড়ির জন্য | ২৫,০০০ |
| ২। | ১৫০০ সিসি বা ৭৫ কিলোওয়াটের অধিক কিন্তু ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক নহে এইরূপ প্রতিটি মোটর গাড়ির জন্য | ৫০,০০০ |
| ৩। | ২০০০ সিসি বা ১০০ কিলোওয়াটের অধিক কিন্তু ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক নহে এইরূপ প্রতিটি মোটর গাড়ির জন্য | ৭৫,০০০ |
| ৪। | ২৫০০ সিসি বা ১২৫ কিলোওয়াটের অধিক কিন্তু ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক নহে এইরূপ প্রতিটি মোটর গাড়ির জন্য | ১,৫০,০০০ |

| | | |
|---|---|---|
| ৫। | ৩০০০ সিসি বা ১৫০ কিলোওয়াটের অধিক কিন্তু ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক নহে এইরূপ প্রতিটি মোটর গাড়ির জন্য | ২,০০,০০০ |
| ৬। | ৩৫০০ সিসি বা ১৭৫ কিলোওয়াটের অধিক এইরূপ প্রতিটি মোটর গাড়ির জন্য | ৩,৫০,০০০। |

শর্তাবলীঃ

(ক) একাধিক গাড়ির ক্ষেত্রে যে গাড়ির উপর সর্বনিম্ন হারে পরিবেশ সারচার্জ আরোপিত হইয়াছে সেই গাড়ি ব্যতীত অন্যান্য গাড়ির বিপরীতে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে হইবে;

(খ) পরিবেশ সারচার্জ গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে নিবন্ধন বা ফিটনেস নবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক উৎসে সংগৃহীত হইবে;

(গ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হইলে যে অর্থ বৎসরে গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করা হইয়াছে তৎপরবর্তী অর্থ বৎসরগুলোর ৩০ জুন তারিখের মধ্যে প্রযোজ্য হারে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে হইবে;

(ঘ) যেক্ষেত্রে কোনো করদাতা শর্ত (গ) মোতাবেক উৎসে পরিবেশ সারচার্জ পরিশোধ করিতে ব্যর্থ হন সেইক্ষেত্রে নিবন্ধন বা ফিটনেস নবায়নকালে ***ক + খ*** নিয়মানুযায়ী পরিবেশ সারচার্জ হার নির্ধারিত হইবে, যেখানে-

***ক*** = বিগত বৎসর বা বৎসরগুলোতে অপরিশোধিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

***খ*** = যে বৎসরে করদাতা পরিবেশ সারচার্জ পরিশোধ করিয়াছেন সেই অর্থ বৎসরের জন্য নির্ধারিত পরিবেশ সারচার্জের পরিমাণ;

(ঙ) একাধিক বৎসরের জন্য গাড়ির নিবন্ধন বা ফিটনেস নবায়ন করিবার ক্ষেত্রে প্রতিবৎসর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিবেশ সারচার্জ পরিশোধ করা না হইলে উপকর কমিশনার আয়কর রিটার্ন প্রসেস বা কর নির্ধারণকালে উহা আদায় করিবেন;

(চ) এই অংশের অধীন প্রদেয় পরিবেশ সারচার্জ প্রত্যর্পনযোগ্য বা অন্যকোনো প্রকারের কর বা সারচার্জের সহিত সমন্বয়যোগ্য হইবে না;

(ছ) এই অংশের উদ্দেশ্যে **"মোটর গাড়ি"** বলিতে বাস, মিনিবাস, কোস্টার, প্রাইম মুভার, ট্রাক, লরি, ট্যাংক লরি, পিকআপ ভ্যান, হিউম্যান হলার, অটোরিকশা ও মোটর সাইকেল ব্যতীত অন্যান্য মোটরযান অন্তর্ভুক্ত হইবে।

## সপ্তম অধ্যায়

### ঘোষণা

সরকার, Provisional Collection of Taxes Act, 1931 (Act No. XVI of 1931), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 3-তে প্রদত্ত ক্ষমতাবলে, এই বিলের প্রস্তাবিত দফা ৭, ২৩, ২৪ ও ২৫ এর ভিন্নতর বিধানাবলী সাপেক্ষে, জনস্বার্থে, অবিলম্বে কার্যকর করা সমীচীন ও প্রয়োজনীয় মর্মে ঘোষণা করিল।

২। এই ঘোষণার পরিপ্রেক্ষিতে উক্ত Act এর section 4 এর sub-section (1) এর বিধান অনুযায়ী এই বিলের প্রস্তাবিত দফা ৭, ২৩, ২৪ ও ২৫ এর বিধানাবলী অবিলম্বে কার্যকর হইবে, তবে প্রস্তাবিত দফা ২, ৩, ৪, ৫, ৬, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ ও ২২ এর বিধানাবলী ১ জুলাই, ২০২৩ তারিখে কার্যকর হইবে।

### উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

এই বিলের উদ্দেশ্য হইল ২০২৩ সালের ১ জুলাই তারিখে শুরু অর্থ বৎসরের জন্য আর্থিক বিধান করা এবং কতিপয় আইন সংশোধন করা। বিলের অধ্যায়সমূহের টীকার বিভিন্ন বিধানের ব্যাখ্যা প্রদান করা হইয়াছে।

**ভারপ্রাপ্ত মন্ত্রী।**